আমেনা-বাকী রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজ

চিরিরবন্দর, দিনাজপুর ।

শিক্ষকঃ মোঃ আসাদুজ্জামান মোবাইলঃ ০১৭১৪ ৫৫৭৮১৮

কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৮ম **বিষয়: বিজ্ঞান**

এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম	অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম	পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু	এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ	নির্দেশনা	মূল্যায়ন রুব্রিক্স
এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১	**প্রথম** অধ্যায়: প্রাণি জগতের শ্রেণি বিন্যাস	পাঠ -১ : প্রাণি জগতের শ্রেণি বিন্যাস পাঠ ২-৫ : অমেরুদন্ডী প্রাণীর শ্রেণি বিন্যাস পাঠ ৬-৮: মেরুদন্ডী প্রাণীর শ্রেণি বিন্যাস পাঠ -৯ : শ্রেণি বিন্যাসের প্রয়োজনীয়তা	চিংড়ি, মৌমাছি, ফিতা কৃমি, সাপ, কাক, তারা মাছ, ঝিনুক, রুই মাছ, বিড়াল, হাইড্রা– প্রাণীগুলো থেকে যে কোনো ৮টির পর্ব, বৈশিষ্ট্য ও বাসস্থান উল্লেখ করে একটি ছক তৈরি কর। এগুলোর মধ্যে থেকে তোমার পরিচিত প্রাণীগুলোর কিরূপ প্রভাব তোমার জীবনে রয়েছে তা উল্লেখ কর। সংকেত: ক) প্রভাব নিরূপনে উপকারী ও অপকারী উভয় দিক বিবেচনা করা	• এ্যাসাইনমেন্টটি সম্পন্ন করতে পাঠ্যপুস্তকের প্রথম অধ্যায়ের পাঠগুলো সমাপ্ত করতে হবে। • ছক তৈরির ক্ষেত্রে ক্যালেন্ডারের উল্টোপাতা/পোষ্টার পেপার/চারটি সাদা কাগজ জোড়া দিয়ে ব্যবহার করা যেতে পারে।	**অতি উত্তম:** • ৮টি প্রানীর পর্ব, বৈশিষ্ট্য ও বাসস্থান নির্ভুলভাবে উল্লেখ করা • নিজ জীবনে প্রাণীগুলোর প্রভাব সঠিকভাবে উপস্থাপন করা • উপস্থাপনায় লক্ষণীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা **উত্তম:** • ৬টির বেশি প্রানীর পর্ব, বৈশিষ্ট্য ও বাসস্থান নির্ভুলভাবে উল্লেখ করা • নিজ জীবনে প্রাণীগুলোর অধিকাংশ প্রভাব সঠিকভাবে উপস্থাপন করা • উপস্থাপনায় অধিকাংশ ক্ষেত্রে নিজস্বতা ও সৃজনশীলতা **ভালো:** • অন্তত ৫টি প্রানীর পর্ব, বৈশিষ্ট্য ও বাসস্থান নির্ভুলভাবে উল্লেখ করা • নিজ জীবনে প্রাণীগুলোর প্রভাব নির্ধারণে উপকারী বা অপকারী ভুমিকার একটিকে বিবেচনা করা • উপস্থাপনায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা **অগ্রগতি প্রয়োজন:** • ৪ বা তার কম সংখ্যক প্রানীর পর্ব, বৈশিষ্ট্য ও বাসস্থান নির্ভুলভাবে উল্লেখ করা • নিজ জীবনে প্রাণীগুলোর প্রভাব নির্ধারণে অপকারী বা উপকারী দিকের শুধু একটিকে আংশিকভাবে বিবেচনা। • উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব

শিক্ষকঃ এম জি রফিক মোবাইলঃ ০১৯২০৫৫০৪৩৩

কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৮ম **বিষয়: চারু ও কারুকলা**

এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম	অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম	পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু	এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ	নির্দেশনা	মূল্যায়ন রুব্রিক্স
এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১	প্রথম অধ্যায়: বাংলাদেশের প্রাচীন শিল্পকলা ও ঐতিহ্যের পরিচয়	পাঠ: ১ ও ২ বাংলাদেশের প্রাচীন শিল্পকলার পরিচয় পাঠ: ৩ জীবন যাপনে চারু ও কারুকলা	গায়ে হলুদ অনুষ্ঠানে কারুশিল্পের ব্যবহার এবং তার নান্দনিক দিকগুলি মূল্যায়ন কর। সংকেত: ০১। কোন্ কোন্ ক্ষেত্রে কারুশিল্পের ব্যবহার করা হয় তা চিহ্নিত কর। (যেমন: কুলা, ডালা...) ০২। কী কী উপকরণ ও কীভাবে নান্দনিক রূপ দেয়া হয় তা উল্লেখ কর।	তোমার দেখা কোন গায়ে হলুদের অনুষ্ঠানের অভিজ্ঞতার আলোকে লিখ।	অতি উত্তম: • পাঁচ/ছয়টি উপকরণের নাম উল্লেখ করতে পারা • পাঁচ/ছয়টি উপাদানের নান্দনিক রূপ দেওয়ার প্রক্রিয়ার বর্ণনা দিতে পারা। • ধারণা প্রকাশে স্পষ্ট ভাষা ব্যবহার ও ধারাবাহিকতা রক্ষা করতে পারা। উত্তম: • তিন/চারটি উপকরণের নাম উল্লেখ করতে পারা • তিন/চারটি উপাদানের নান্দনিক রূপ দেওয়ার প্রক্রিয়ার বর্ণনা দিতে পারা। • ধারণা প্রকাশে স্পষ্ট ভাষা ব্যবহার ও ধারাবাহিকতা রক্ষা করতে পারা। ভাল: • অন্তত দুইটি উপকরণের নাম উল্লেখ করতে পারা। • অন্তত দুইটি উপাদানের নান্দনিক রূপ দেওয়ার প্রক্রিয়ার বর্ণনা দিতে পারা। • ধারণা প্রকাশে ভাষা ব্যবহারে কিছুটা অস্পষ্টতা থাকা অগ্রগতি প্রয়োজন: • অন্তত দুইটি উপকরণের নাম উল্লেখ করতে পারা। • উপাদানের নান্দনিক রূপ দেওয়ার প্রক্রিয়ার বর্ণনা অসম্পূর্ণ • ধারণা প্রকাশে ভাষা ব্যবহারে কিছুটা অস্পষ্টতা থাকা